

দুবাইয়ে এখন থেকে সপ্তাহে চার দিন অফিস

- A Monitor Desk Report

Date: 23 June, 2025



ঢাকাঃ দুবাই সরকার ঘোষণা দিয়েছে, এবার থেকে সরকারি কর্মীরা সপ্তাহে ৪ দিন অফিস করবেন। এ ছাড়া অফিসের সময়ও আগের চেয়ে কমিয়ে দেওয়া হয়েছে। এই সিদ্ধান্তটি ২০২৪ সালে পরীক্ষামূলকভাবে চালু হয়েছিল। তখন ২১টি সরকারি প্রতিষ্ঠানে এই নিয়ম চালু করা হয়।

সেই সময় কর্মীদের সন্তুষ্টি ও কাজের মান অনেক বেড়েছিল। তাই এবার বড় পরিসরে নতুন সময়সূচি চালু করা হচ্ছে।

নতুন নিয়ম শুরু হবে ২০২৫ সালের ১ জুলাই থেকে এবং চলবে ১২ সেপ্টেম্বর পর্যন্ত।

কীভাবে চলবে অফিস?

সরকারি অফিসগুলো দুই ভাগে ভাগ করা হয়েছে। প্রথম দল সপ্তাহে সোম থেকে বৃহস্পতিবার পর্যন্ত কাজ করবে। তারা প্রতিদিন ৮ ঘণ্টা অফিস করবে। শূক্রবার ছুটি থাকবে। দ্বিতীয় দল সোম থেকে বৃহস্পতিবার প্রতিদিন ৭ ঘণ্টা কাজ করবে। শূক্রবার ৪ ঘণ্টা ৩০ মিনিট কাজ করবে। এই সময়সূচিকে বলা হচ্ছে ‘সময়ানুকূল গ্রীষ্মকালীন কর্মসূচি (Our Flexible Summer)’।

কেন এই পরিবর্তন?

কর্মীদের পরিবার ও ব্যক্তিগত জীবনের সঙ্গে সমন্বয় রাখা সহজ হবে। স্কুল ছুটির সময় পরিবারের সঙ্গে সময় কাটানো যাবে। কর্মক্ষেত্রে মনোযোগ ও উৎপাদনশীলতা বাড়বে। অফিসের পরিবেশ আরও সুখকর হবে।

দুবাই মানবসম্পদ বিভাগের মহাপরিচালক আবদুল্লাহ আলি বিন জায়েদ আল ফালাসি বলেন, এই নতুন উদ্যোগ কর্মীদের প্রয়োজনকে গুরুত্ব দিয়ে একটি উন্নত ও মানবিক সরকারী ব্যবস্থা গড়ে তুলবে। ও ট্রাফিক কমাতে সহায়ক হবে

২০২৪ সালের এক জরিপে দেখা গেছে, নমনীয় অফিস সময় ও বাসায় বসে কাজ করার সুযোগ থাকলে দুবাইয়ের রাস্তায় যানজট অনেকটাই কমে যাবে। এ জন্য বেসরকারি প্রতিষ্ঠানগুলোতেও এই নিয়ম চালুর আহ্বান জানানো হচ্ছে।

-B